



ফিল্টার্ড সার্চ



শাওন আমি
একটা মহা
ঝামেলায় পড়েছি

কেন ভাইয়া?
কী হয়েছে?

আমি অফিসের
একটা জরুরী ইমেইল
খুঁজে পাচ্ছি না।

ইমেইল ডিলেট না করলে হারাবে না।
খুঁজে দেখো পাবে।

খুঁজেছি,
পাচ্ছি না।

জিমেইলে তোমার পুরানো মেইলগুলো
সব গোছানোই থাকে

সেখান থেকে ফিল্টার করে চাহিদামত
মেইলটি খুঁজে পেতে ফিল্টার্ড সার্চ
প্রক্রিয়া অনুসরণ করতে হবে

ফিল্টার্ড সার্চ
আবার কী?

ফিল্টার্ড সার্চ প্রক্রিয়ায় নির্দিষ্ট কয়েকটি
অপশনের সাহায্যেই দরকারি ইমেইল
খুঁজে পাওয়া সম্ভব।

এর ফলে অনেক পুরনো ই মেইলও অতি
সহজে খুঁজে পাওয়া যাবে।

আচ্ছা,
তো কীভাবে কী
করবো বলতো?

জিমেইলের সার্চ বক্সের ডান পাশে ক্লিক
করে যে মেইলটি খুঁজে পেতে চাও সেই
মেইলটি কোন ঠিকানা থেকে পাঠানো
হয়েছিল, কার কাছে পাঠানো হয়েছিল,

মেইলের বিষয় কী ছিলো, মেইল
পাঠানোর তারিখ, মেইলের সাথে
কোনো অ্যাটাচমেন্ট ছিল কিনা,

মেইলের সাইজ এ সকল তথ্যের ভিতরে
যতগুলো সম্ভব পূরণ করে সার্চ দিলেই তোমার
কাজ্জিত মেইলটি খুঁজে পাওয়া যাবে।

বাহ!
এত সহজেই?

হ্যাঁ।

তোকে ধন্যবাদ ভাই।
খুব উপকার হলো।